গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
দপ্তর: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সমূহের ডাটাবেজ; ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কার্যক্রমের সূচক ২.১.১:

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়ার কার্যকর আছে কি না/ না থাকলে কারণ | সেবা গৃহীতগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | প্রকাশিত ভূবৈজ্ঞানিক প্রতিবেদনের সারসংক্ষেপ জনসাধারণের জন্য উন্মুক্তকরণের লক্ষ্যে জিএসবি'র ওয়েবসাইটে আপলোডকরণ (বাস্তবায়নকালঃ ২০১৬-২০১৭ অর্থবছর) | পূর্বে জিএসবি'র প্রতিবেদনের দেখার জন্য জনসাধারণ/ স্টেকহোল্ডারদের প্রতিবেদন ক্রয় অথবা দপ্তরে এসে দীর্ঘ প্রক্রিয়ার মধ্য দিয়ে সংগ্রহ করতে হতো। বর্তমানে এটি জিএসবি'র ওয়েবসাইট থেকে সহজেই ঘরে বসে দেখতে/ সংগ্রহ করতে পারছে। | হ্যা | হ্যা | http://www.gsb.gov.bd/site/view/publications/- | |
| ০২. | মোবাইল অ্যাপসের মাধ্যমে জিএসবি'র আবিষ্কৃত খনিজ সম্পদসমূহ ও আনুষাঙ্গিক তথ্য প্রদান (বাস্তবায়নকালঃ ২০১৭-২০১৮ অর্থবছর) | পূর্বে জিএসবি'র আবিষ্কৃত খনিজ সম্পদসমূহ ও আনুষাঙ্গিক তথ্য সম্পর্কে জানার জন্য জনসাধারণ/ স্টেকহোল্ডারদের প্রতিবেদন/ম্যাপ ক্রয় অথবা দপ্তরে এসে দীর্ঘ প্রক্রিয়ার মধ্য দিয়ে সংগ্রহ করতে হতো। বর্তমানে এটি জিএসবি'র অ্যাপের মাধ্যমে সহজেই ঘরে বসে দেখতে/ সংগ্রহ করতে পারছে। | হ্যা | হ্যা | GSB: Geology and Minerals of Bangladesh (Google Playstore) https://play.google.com/store/apps/details?id=gsb.flow.com | |
| ০৩. | জনসাধারণের চাহিদা অনুযায়ী জিএসবি'র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা সহজিকরন (বাস্তবায়নকালঃ ২০১৮-২০১৯ অর্থবছর) | জিএসবি'র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা নেয়ার জন্য স্টেকহোল্ডারদের অফিসে এসে যোগাযোগ করে জানতে হতো কোন ধরণের নমুনা বিশ্লেষণ সুবিধা পাওয়া যাবে এবং কিভাবে সেবা নেয়া যাবে। | হ্যা | হ্যা | জিএসবি'র-বিভিন্ন-গবেষণাগারের-নমুনা-বিশ্লেষণ-চাহিদা-পত্র (gsb.gov.bd) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বর্তমানে জিএসবি'র ওয়েবসাইটে দেয়া নমুনা বিশ্লেষণ চাহিদাপত্র এবং গবেষণাগারের সাথে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাদের ফোন নাম্বারে যোগাযোগ করে সহজেই সেবা নেয়া যাচ্ছে। | | | | |
| ০৪. | ইনডেক্স মানচিত্রের মাধ্যমে ভূবৈজ্ঞানিক তথ্য প্রদান সহজিকরণ (বাস্তবায়নকালঃ ২০১৯-২০২০ অর্থবছর) | বাংলাদেশের কোন কোন এলাকায় (উপজেলায়) ১: ৫০,০০০ স্কেলে ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও প্রতিবেদন প্রনয়নের কাজ জিএসবি করেছে বা জিএসবি'র কাছে কোন কোন অঞ্চলের ভূতাত্ত্বিক তথ্য আছে তা জিএসবি'র ওয়েবসাইটে দেয়া ইনডেক্স মানচিত্রের মাধ্যমে জনসাধারণ/ স্টেকহোল্ডাররা সহজেই জানতে পারছে। | হ্যা | হ্যা | http://www.gsb.gov.bd/site/page/7dbb52fc-3d82-4824-b404-7bbfdffacb13/- | |
| ০৫. | জিএসবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিষ্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য LED Scroll Display Board স্থাপন (বাস্তবায়নকালঃ ২০১৯-২০২০ অর্থবছর) | জিএসবি'র অফিস সম্মুখে LED Scroll Display Board স্থাপনের মাধ্যমে জিএসবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিষ্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে সহজেই পৌছে দেয়া সম্ভব হচ্ছে। | হ্যা | হ্যা | প্রযোজ্য নয় | |
| ০৬. | সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ (বাস্তবায়নকালঃ ২০২০-২০২১ অর্থবছর) | পূর্বে প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল সম্পর্কিত তথ্যসমূহ পেতে জিএসবিতে এসে দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ করতে হতো। বর্তমানে দেশ-বিদেশের ভূবিজ্ঞানীরা সহজেই জিএসবি'র উদ্ভাবিত 'BD Paleontology' অ্যাপের মাধ্যমে ঘরে বসেই এসকল তথ্য সমূহ নিতে পারছে। | হ্যা | হ্যা | BD Paleontology (Google Playstore) https://play.google.com/store/apps/details?id=com.minisoftpark.bdpalaeontology | |
| ০৭. | বিভিন্ন ব্যাক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত তথ্য সেবা সহজিকরণ | জিএসবি'র প্রকাশিত তথ্যসমূহ এই সেবার মাধ্যমে ঘরে বসে নেয়া সম্ভব হচ্ছে। স্টেকহোল্ডারা সহজেই জিএসবিতে | হ্যা | হ্যা | http://gsb.portal.gov.bd/forms/form/feedback_publication | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | (বাস্তবায়নকালঃ ২০২০-২০২১ অর্থবছর) | প্রকাশিত প্রতিবেদন সংগ্রহের জন্য অনলাইনে আবেদন করে প্রতিবেদনের সফট/হার্ড কপি সংগ্রহ করতে পারেন। | | | | |
| ০৮. | জিএসবি'র ব্লাড ক্লাব (বাস্তবায়নকালঃ ২০২০-২০২১ অর্থবছর) | এই সেবার মাধ্যমে জিএসবি'র সকল কর্মকর্তা-কর্মচারী জিএসবি'র ওয়েবসাইটে দেয়া ডাটাবেজ ব্যবহার করে ডোনারের সাথে যোগাযোগ করে সহজেই রোগীর জন্য রক্ত সংগ্রহ করতে পারছে। | হ্যা | হ্যা | http://www.gsb.gov.bd/site/page/ff02847f-5747-4430-8159-1cdaaebfd224/%E0%A6%9C%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%B8%E0%A6%AC%E0%A6%BF-%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%A1-%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%AC | |
| ০৯. | সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ (বাস্তবায়নকালঃ ২০২১-২০২২ অর্থবছর) | জিএসবি'র সাইসমিক জরিপে বিস্ফোরক স্থাপনের জন্য পূর্বে ম্যানুয়াল পদ্ধতিতে ড্রিলিং করা হতো। বর্তমানে মেকানাইজড পদ্ধতি ব্যবহারের ফলে সময় ও ব্যয় দুটোই কমেছে। | হ্যা | হ্যা | প্রযোজ্য নয় | |
| ১০. | জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান (বাস্তবায়নকালঃ ২০২১-২০২২ অর্থবছর) | জিএসবি কোন কোন এলাকায় কোন ধরণের কাজ এখন পর্যন্ত করেছে তার বিবরণ বিভাগ/জেলা/উপজেলা অনুযায়ী ওয়েবসাইটে দেয়া হয়েছে। এটা অধিদপ্তরের কর্মকর্তাসহ স্টেকহোল্ডারের জন্য তথ্যপ্রাপ্তি অনেক সহজ করেছে। | হ্যা | হ্যা | http://www.gsb.gov.bd/ | |
| ১১. | জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ | জিএসবি'র একটি সমৃদ্ধ লাইব্রেরি রয়েছে। এই সেবা চালুর মাধ্যমে জিএসবি'র প্রকাশিত, অপ্রকাশিত | হ্যা | হ্যা | http://www.gsb.gov.bd/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | (বাস্তবায়নকালঃ ২০২১-২০২২ অর্থবছর) | প্রতিবেদন, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নাল, বিভিন্ন পুস্তক ধরণ অনুযায়ী ক্যাটালগ তৈরি করে জিএসবি'র ওয়েবসাইটে দেয়া আছে। এটার মাধ্যমে ভূবিজ্ঞানীগণ লাইব্রেরীতে সংরক্ষিত তথ্য সম্পর্কে সহজেই জানতে পারছেন। | | | | |
| ১২. | 'Bangladesh Mineral Museum (BMM)'নামক এন্ড্রয়েড মোবাইল অ্যাপলিকেশন প্রস্তুতের মাধ্যমে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ভার্চুয়াল/ই-জিওলজিক্যাল মিউজিয়াম প্রতিষ্ঠা করা ও সেবা প্রদান সহজিকরণ (বাস্তবায়নকালঃ ২০২২-২০২৩ অর্থবছর) | 'Bangladesh Mineral Museum (BMM)' নামক এন্ড্রয়েড মোবাইল অ্যাপলিকেশন এর মাধ্যমে ডিজিটাল/ভার্চুয়াল/ই-জিওলজিক্যাল মিউজিয়াম সেবা দান শুরু হয়েছে যেখানে ছয়টি ক্যাটাগরিতে বিভিন্ন খনিজ, শিলা ও ফসিলের তথ্য ও ছবি সংযোজন করা হয়েছে। জিএসবির আবিষ্কৃত ও সংগৃহীত প্রতিটি খনিজের বৈশিষ্ট, ব্যবহার, গুরুত্ব ও ছবি সংবলিত এই অ্যাপ ব্যবহারের মাধ্যমে ঘরে বসেই স্টেকহোল্ডারগণ সমস্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। তাছাড়া, কেউ যদি স্বশরীরে জিএসবি'র মিউজিয়াম ভিজিট করতে আগ্রহী হন তাহলে এই মোবাইল অ্যাপলিকেশনটির মাধ্যমে ডিজিটালি আবেদন করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে করতে পারবে যা তার সময়, খরচ ও ভ্রমণ হ্রাসে সহায়ক হবে। | হ্যা | হ্যা | Bangladesh Mineral Museum (BMM) (Google playstore) https://play.google.com/store/apps/details?id=com.bmm.bmms&pli=1 | |

২৯/০৫/২০২৪
রিয়াদুল ইসলাম
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

২৯/০৫/২৪
(মোঃ কামাল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
বিদ্যুৎ, জ্বালানি, ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।